গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
এফ-৪/এ, আগারগাঁও প্র/এ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.archaeology.gov.bd

**প্রত্নতত্ত্ব অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য় ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : সাবিনা আলম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), প্রত্নতত্ত্ব অধিদপ্তর।
তারিখ : ২২ জানুয়ারি, ২০২৪।
সময় : বেলা ১২:০০ ঘটিকায়।
স্থান : অধিদপ্তরের সভাকক্ষ।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি এপিএ'র সেকশন-০৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ি ২য় ত্রৈমাসিক অগ্রগতি উপস্থাপন করার জন্য এপিএ টিমের ফোকাল পয়েন্ট জনাব তানিয়া সুলতানা, সহকারী পরিচালক (প্রশাসন)'কে অনুরোধ করেন। এর পরিপ্রেক্ষিতে ফোকাল পয়েন্ট নিম্নোক্ত অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

| কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা (২০২৩-২৪) | ১ম ত্রৈমাসিক | ২য় ত্রৈমাসিক | এ পর্যন্ত অর্জন | সম্পন্ন / চলমান |
|---|---|---|---|---|---|
| ১.১.১ চিহ্নিত স্থাপনা ও স্থানান্তরযোগ্য নিদর্শন | ৫৭৫ | ২৩ | ১৯১ | ২২৭ | রাজশাহী-৩টি, খুলনা-১০৫টি, কুমিল্লা-৮৩টি |
| ১.১.২ উপজেলা ওয়ারী জরিপ | ৪ | - | ২ | ২ | ১. বাগেরহাট জেলার ফকিরহাট ও মোল্লারহাট উপজেলা। ও<br>২.জয়পুরহাট জেলার পাচঁবিবি ও ক্ষেতলাল উপজেলা |
| ১.২.১ প্রত্নস্থলে প্রত্নতাত্ত্বিক খনন | ৪ | - | ৩ | ৩ | ১.চট্টগ্রাম জেলার কর্ণফুলি উপজেলার বড় উঠান ইউনিয়নের বিশ্বমুড়া (কথিত পন্ডিত বিহার) (চলমান)<br>২.যশোর জেলার মনিরামপুর উপজেলার খেদাপাড়া গ্রামের "ধনপোতা ঢিবি"(চলমান)<br>৩.গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলায় "বিরাট রাজার বাড়ি" |
| ২.২.১ অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ১০ | ৪ | ১ | ৫ | প্রত্নবস্তু শনাক্তকরণ (মুদ্রা ও মূর্তি) বিষয়ক প্রশিক্ষণ |
| ৩.১.২ সেমিনার/ ওয়ার্কশপ | ৬ | ২ | ১ | ২ | ৩ (প্রধান কার্যালয়) |
| ৪.১.৫ স্থানান্তরযোগ্য প্রত্নসম্পদের রাসায়নিক সংরক্ষণ | ২০ | - | ১১ | ১১ | ১১টি |

অত:পর চুক্তির যে সকল লক্ষ্যমাত্রা এখনো সম্পন্ন হয়নি অথবা কার্যক্রম শুরু হয়নি সেসব লক্ষ্যমাত্রা নিয়ে পর্যায়ক্রমে সভায় আলোচনা হয়। এরই ধারাবাহিকতায় আঞ্চলিক পরিচালক, ঢাকা ও ময়মনসিংহ বিভাগ জানান যে, কিশোরগঞ্জ জেলার ০২টি উপজেলার মধ্যে ০১টি উপজেলার জরিপ সম্পন্ন হয়েছে এবং অন্য উপজেলাটি যথাশীঘ্র সম্পন্ন করা হবে। আঞ্চলিক পরিচালক, চট্টগ্রাম ও সিলেট বিভাগ সকলকে অবহিত করেন যে, কর্মসম্পাদন চুক্তি অনুযায়ি উপজেলা ওয়ারি জরিপ অতিদ্রুত সম্পন্ন করা হবে। ০৪টি আঞ্চলিক কার্যালয়ের মধ্যে ঢাকা আঞ্চলিক পরিচালকের কার্যালয় বাদে অন্য ০৩টি কার্যালয়ের খনন ইতোমধ্যে শুরু হয়েছে এবং ঢাকা আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের খননও অতিদ্রুত শুরু করা হবে মর্মে সভায় আলোচনা করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন ও গ্রন্থ/ ফোল্ডার/ ব্রশিয়ার/জার্নাল মুদ্রণ ও প্রকাশনার নিমিত্ত মার্চ, ২০২৪ এর মধ্যে পান্ডুলিপি প্রেরণের বিষয়ে সকলে একমত পোষণ করেন। এ বিষয়ে উপপরিচালক (প্রত্ন: ও সংরক্ষণ) ফোল্ডার ও ব্রুশিয়ার মুদ্রণের লক্ষ্যে অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে একটি সাব-কমিটি গঠন করে প্রাপ্ত পান্ডুলিপির বিষয়ে সভা আহবান করে অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় উত্থাপন করেন। তিনি আঞ্চলিক কার্যালয় কর্তৃক খনন স্থলে অভ্যন্তরীণ প্রশিক্ষণ সম্পন্ন করা যেতে পারে বলেও মতামত প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকলে একমত পোষণ করেন। জরিপ ও খনন বিষয়ক প্রাথমিক প্রতিবেদন নির্ধারিত সময়ের পূর্বেই সম্পন্ন করার প্রতি সকলে বিশেষভাবে গুরুত্ব আরোপ করেন। প্রত্নবার্তা প্রকাশ,অভ্যন্তরীণ প্রশিক্ষণ,নিয়োগ কার্যক্রম সম্পন্ন,পদোন্নতি প্রদান,পুরাকীর্তির অনুকৃতি প্রস্তুত, সেমিনার/ওয়ার্কশপ,আয়োজিত প্রদর্শনী এবং আর্ন্তজাতিক জাদুঘর দিবস উদযাপন নির্ধারিত সময়ের মধ্যে করার ব্যাপারে সভায় আলোচনা হয়। স্থাপত্যিক পুরাকীর্তির সংস্কার-সংরক্ষণ পূর্ববর্তী ডকুমেন্টেশন (০৪টি) প্রণয়ন করে যথাশীঘ্র সংস্কার আরম্ভ করার প্রতি সকলে একমত পোষন করেন। এছাড়া স্থাপত্যিক

৫০/

পুরাকীর্তির সংস্কার-সংরক্ষণ (০৮টি), স্থাপত্যিক পুরাকীর্তির সংস্কার-সংরক্ষণ কার্যক্রম সম্পাদন ও পরবর্তী ডকুমেন্টেশন (০৪টি),স্থাপত্যিক পুরাকীর্তির রাসায়নিক সংরক্ষণ এবং স্থানান্তরযোগ্য প্রত্নসম্পদের রাসায়নিক সংরক্ষণ যথাসময়ে সুসম্পন্ন করে প্রমানক দাখিল করার প্রতি সকলকে সচেস্ট হওয়ার অনুরোধ করা হয়। নির্দেশিকা অনুযায়ি যাবতীয় প্রমানক যথাযথভাবে এবং যথাসময়ে দাখিল/ প্রেরনের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

৩। সিদ্ধান্ত :

১. ফোল্ডার ও ব্রুশিয়ার মুদ্রণের নিমিত্ত মার্চ, ২০২৪ এর মধ্যে পান্ডুলিপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে একটি সাব-কমিটি গঠন করে প্রাপ্ত পান্ডুলিপির বিষয়ে সভা আহবান করে অনুমোদন দিতে হবে।
২. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ি সকল কার্যক্রম সম্পন্ন করে নির্দেশিকা মোতাবেক প্রমানক প্রস্তুত করে যথাসময়ে দাখিল করতে হবে।

০৪। সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার জন্য গুরুত্বারোপ করেন এবং গঠনমূলক আলোচনার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে আর কোনো আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৫/০১/২৪

(সাবিনা আলম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ও
সভাপতি
ফোন : ০২ - ৪১০ ২৪৬ ৫০